দৈনিক আমাদের সময়

তারিখ ১১ OCT ২০১৭
পৃষ্ঠা ২ কলাম ৪

# পাঠ্যপুস্তকে আর্থিক শিক্ষাবিষয়ক অধ্যায় অন্তর্ভুক্তিতে কমিটি

নিজস্ব প্রতিবেদক ●
জাতীয় পাঠ্যপুস্তকে ৬ষ্ঠ শ্রেণি থেকে ১০ম শ্রেণি পর্যন্ত ধাপে ধাপে সমাজবিজ্ঞান বিষয়ে প্রতি শ্রেণিতে একটি করে 'আর্থিক শিক্ষা'বিষয়ক অধ্যায় অন্তর্ভুক্তির যৌক্তিকতা নির্ধারণে সুপারিশ প্রণয়নের জন্য ৭ সদস্যের কমিটি গঠন করেছে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ। শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অতিরিক্ত সচিবকে (মাদ্রাসা) কমিটির আহ্বায়ক করা হয়েছে। বিভাগের সহকারী সচিব মো. আবদুল খালেক স্বাক্ষরিত এক অফিস আদেশ গতকাল জারি করা হয়েছে।

সদস্যরা হলেন জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) চেয়ারম্যান, কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক, কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান এবং উপসচিব (মাদ্রাসা) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।